গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সমন্বয় শাখা

www.mole.gov.bd

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি:	কে এম আব্দুস সালাম সচিব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান:	জুম সভা
সভার তারিখ:	৩০ জুন ২০২০
সময়:	সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি কর্তৃক জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ক নৈতিকতা কমিটির সদস্য ও মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা থেকে ভিডিও করফারেন্সে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে জুম সভার কাজ শুরু করা হয়। সভাপতি এ মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থায় যেসব কর্মকর্তা/কর্মচারী শুদ্ধাচার কৌশলের পুরস্কার পেয়েছেন তাদের সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন। তিনি বলেন, রাষ্ট্রীয় জীবনে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। শুদ্ধাচার বলতে মুলত নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষকে বোঝায়। শুদ্ধাচার প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরি। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠাকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি অন্যতম অনুষঙ্গ। এ কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে মন্ত্রণালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠাকল্পে গঠিত নৈতিকতা কমিটির সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ মর্মে সভায় উল্লেখ করা হয়।

২। সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) শাকিলা জেরিন আহমেদ সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি বিগত সভার কার্যবিবরণী তুলে ধরেন এবং কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে আলোকপাত করেন। আলোচনায় দেখা যায় যে, কোভিড-১৯-এর প্রাদুর্ভাব ও মহামারীর কারণে ২৬/০৩/২০২০ তারিখ হতে ৩০/০৫/২০২০ পর্যন্ত বিভিন্ন সময়ে পর্যায়ক্রমে সাধারণ ছুটি ঘোষিত হওয়ায় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ৩য় ও ৪র্থ কোয়ার্টারের কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হয়নি। বিগত সভার কিছু সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে ও কিছু সিদ্ধান্তের কার্যক্রম চলমান রয়েছে। মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের সিটিজেন চার্টার বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের ছোটখাট সমস্যা ও প্রতিকারের বিষয়ে আলোচনা করা হয়। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ৩য় ও ৪র্থ কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ ২০২০ এবং এপ্রিল-জুন ২০২০) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম, শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান, অর্থ বরাদ্দ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন শীর্ষক ১২টি ক্ষেত্রে কাযক্রম নির্ধারণ করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লিখিত বিষয়ে প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনায় ৩য় ও ৪র্থ কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ ২০২০ এবং এপ্রিল-জুন ২০২০) মধ্যে ৩য় কোয়ার্টারের বেশির ভাগ লক্ষ্যমাত্রাসমূহ অর্জিত হয়েছে এবং কোভিড-১৯-এর কারণে ৪র্থ কোয়ার্টারের বেশির ভাগ লক্ষ্যমাত্রাসমূহ অর্জিত হয়নি মর্মে জানান। মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার বাস্তবায়নের কাজ চলমান আছে মর্মে সভায় জানানো হয়। উল্লেখ্য যে, অংশীজন (stakeholders) সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

(ক) গত মার্চ ২০২০ থেকে কোভিড-১৯-এর প্রাদুর্ভাবজনিত কারণে সাধারণ ছুটি ঘোষিত হলে এবং কোভিড-১৯ মহামারী আকার ধারণ করলে দীর্ঘ ০২ মাস সরকারি অফিসসমূহে সাধারণ ছুটি থাকায় ৩য় ও ৪র্থ কোয়ার্টারের কর্ম-পরিকল্পনা সম্পূর্ণ বাস্তবায়ন সম্ভব হয়নি। এ পর্যন্ত অবাস্তবায়িত কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য কোভিড-১৯ এর জন্য প্রযোজ্য স্বাস্থ্যবিধি মেনে মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে যথাযথ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এতদ্বিষয়ে সময় বর্ধিত করা হলে শতভাগ কাজ সম্পন্ন করতে হবে;

(খ) মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ওয়েবসাইটের সেবাবক্সগুলো যথাসময়ে হালনাগাদ করতে হবে এবং এ ধারা অব্যাহত রাখতে হবে;

(গ) সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে;

(ঘ) কোডিভ-১৯-এর বিষয়ে তথ্য, টেলিমেডিসিন, বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ ইত্যাদি সেবা প্রাপ্তির জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রচারিত হটলাইনের নম্বরসমূহ এ মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রচার করতে হবে;

(ঙ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ/অভিযোগগুলো যথাসময়ে আইনানুগ কার্যক্রম গ্রহণ করে নিষ্পন্ন করতে হবে;

(চ) জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ২০২০-২০২১-এর কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে একটি খসড়া কর্ম-পরিকল্পনা তৈরি করতে হবে। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রেখে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া প্রস্তুত করতে হবে;

(ছ) মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরণসহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সময় বর্ধিত করা হলে সে সময়ের মধ্যে যথাযথ কাযক্রম গ্রহণ করতে হবে; এবং

(জ) মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে সিটিজেন চার্টার বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩। পরিশেষে সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এবং সিটিজেন চার্টার বাস্তবায়নে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৩/২০২০

কে এম আব্দুস সালাম
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়